



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.১৫.০০১.২২.১০৪

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩০

২৫ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ ঢাকায় দায়েরকৃত প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-১১/২০২৪ পরিচালনা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ আবদুর রাজ্জাক, প্রভাষক (হিসাববিজ্ঞান), রামগড় সরকারী কলেজ, খাগড়াছড়ি-এর বিরুদ্ধে প্রভাষক হিসেবে নোয়াখালী সরকারী কলেজ, নোয়াখালীতে কর্মরত থাকারস্বায় সরকার বিরোধী উস্কানীমূলক বক্তব্য প্রদান, কর্তৃপক্ষের অনুমতি ব্যতির সা সামাজিক যোগাযোগ মাধ্যমে অসত্য, বানোয়াট ও বিভ্রান্তিমূলক তথ্য সরবরাহ করা এবং আদি প্রকাশনী কর্তৃক প্রকাশিত 'নিরীক্ষা ও হিসাব (দ্বিতীয় পত্র)' বইটি হুবহু কপি (নকল) করার অভিযোগে বিগত ০৭/০৯/২০২৩ তারিখে ৩৭.০০.০০০০.০৯৫.২৭.৫৭.২০২৩.৪৫৯ নং স্মারকে আনীত অভিযোগনামা মূলে বিভাগীয় মোকদ্দমা নং-৫৮/২০২৩ ও ০১/১০/২০২৩ তারিখে ৩৭.০০.০০০০.০৯৫.২৭.৫৭.২০২৩.৪৫৯ নং স্মারকে আনীত অভিযোগনামা মূলে তার বিরুদ্ধে বিভাগীয় মোকদ্দমা নং-৫৭/২০২৩ দায়ের করা হয়। তিনি তার বিরুদ্ধে দায়েরকৃত উল্লিখিত আদেশদ্বয়ের কার্যকারিতা স্থগিতকরণের জন্য প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ ঢাকায় প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-১১/২০২৪ দায়ের করেন। মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ০২ (দুই) জন-কে বিবাদী করা হয়েছে।

০২। বর্ণিতাবস্থায়, প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা-এ দায়েরকৃত প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-১১/২০২৪ সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার নিমিত্ত নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-১১/২০২৪-এর বিষয়ে সরকার পক্ষে মামলা পরিচালনার জন্য প্রশাসনিক ট্রাইব্যুনালের সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগের ব্যবস্থা করা;
- (খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ;
- (গ) ধার্য তারিখে মামলার জবাব প্রদান করা/প্রয়োজনে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা;
- (ঘ) আর্জির দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা;
- (ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

২৫-২-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ইমেইল: law.section1@shed.gov.bd

মহাপরিচালক

মহাপরিচালকের দপ্তর

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.১৫.০০১.২২.১০৪/১(৩)

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩০

২৫ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৫-২-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব